

সুনান আত তিরমিজী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১৬৫৯

২৫/ জিহাদের ফযীলত (كتاب فضائل الجهاد عن رسول الله ﷺ)

পরিচ্ছেদঃ যে ব্যক্তি শাহাদাতের প্রার্থনা করে।

باب مَا جَاءَ فِيمَنْ سَأَلَ الشَّهَادَةَ

আরবী

حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ سَهْلٍ بْنُ عَسْكَرِ الْبَغْدَادِيِّ، حَدَّثَنَا الْقَاسِمُ بْنُ كَثِيرِ الْمِصْرِيِّ، حَدَّثَنَا عَبْدُ الرَّحْمَنِ بْنُ شُرَيْحٍ، أَنَّهُ سَمِعَ سَهْلَ بْنَ أَبِي أُمَامَةَ بْنَ سَهْلِ بْنِ حُنَيْفٍ، يُحَدِّثُ عَنْ أَبِيهِ، عَنْ جَدِّهِ، عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ " مَنْ سَأَلَ اللَّهَ الشَّهَادَةَ مِنْ قَلْبِهِ صَادِقًا بَلَغَهُ اللَّهُ مَنَازِلَ الشُّهُدَاءِ وَإِنْ مَاتَ عَلَى فِرَاشِهِ " . قَالَ أَبُو عِيسَى حَدِيثُ سَهْلِ بْنِ حُنَيْفٍ حَدِيثٌ حَسَنٌ غَرِيبٌ لَا نَعْرِفُهُ إِلَّا مِنْ حَدِيثِ عَبْدِ الرَّحْمَنِ بْنِ شُرَيْحٍ . وَقَدْ رَوَاهُ عَبْدُ اللَّهِ بْنُ صَالِحٍ عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ شُرَيْحٍ . وَعَبْدُ الرَّحْمَنِ بْنُ شُرَيْحٍ يُكْنَى أَبَا شُرَيْحٍ وَهُوَ إِسْكَندَرَانِيٌّ . وَفِي الْبَابِ عَنْ مُعَاذِ بْنِ جَبَلٍ .

বাংলা

১৬৫৯। মুহাম্মদ ইবনু সাহল ইবনু আসকার (রহঃ) ... সাহল ইবনু হুনাযফ রাদিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত যে, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, যে ব্যক্তি আল্লাহর কাছে আন্তরিক ভাবে শাহাদত প্রার্থনা করে তার বিছানায় মারা গেলেও আল্লাহ তা'আলা তাকে শহীদদের মর্যাদায় পৌঁছে দিবেন। সহীহ, ইবনু মাজাহ ২৭৯৭, মুসলিম, তিরমিজী হাদিস নম্বরঃ ১৬৫৩ [আল মাদানী প্রকাশনী]

সাহল ইবনু হুনাযফ রাদিয়াল্লাহু আনহু বর্ণিত এই হাদীসটি হাসান-গারীব। আবদুর রহমান ইবনু শুরায়হ (রহঃ) এর সূত্র ছাড়া এটি সম্পর্কে আমরা অবহিত নই। আবদুল্লাহ ইবনু সালিহ (রহঃ)-ও এই হাদীসটি আবদুর রহমান ইবনু শুরায়হ থেকে বর্ণনা করেছেন। আবদুর রহমান ইবনু শুরায়হ এর উপনাম হল আবু শুরায়হ। তিনি হলেন, ইসকান্দারানী। এই বিষয়ে মুআয ইবনু জাবাল রাদিয়াল্লাহু আনহু থেকেও হাদীস বর্ণিত আছে।

English

Narrated Sahl bin Abi Umamah bin Sahl bin Hunaif:

From his father, from his grandfather, that the Prophet (ﷺ) said: "Whoever asks Allah for Martyrdom sincerely in his heart, Allah will grant the status of martyrdom for him, even if he were to die in his bed."

[Abu 'Eisa said:] This Hadith is Hasan Gharib as a narration of Sahl bin Hunaif. We do not know of it except from the report of 'Abdur-Rahman bin Shuraih. 'Abdullah bin Salih reported it from 'Abdur-Rahman bin Shuraih, and 'Abdur-Rahman bin Shuraih's kunyah is Abu Shuriah, and he is from Iskandarani.

There is something on this topic from Mu'adh bin Jabal.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ সাহল ইবনু হুনাইফ (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=22168>

📌 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন